

চীনকে ছাড়িয়ে সবচেয়ে বেশি জনসংখ্যার দেশ হচ্ছে ভারত

প্রথম আলো ডেস্ক



আগামী ১৫ নভেম্বর বিশ্বের মোট জনসংখ্যা ৮০০ কোটির মাইলফলক ছুঁয়ে যাবে *ফাইল ছবি : রয়টার্স*

বিশ্বের জনসংখ্যা দ্রুত বাড়ছে। এভাবে বাড়তে থাকলে আগামী ১৫ নভেম্বর বিশ্বের মোট জনসংখ্যা ৮০০ কোটির মাইলফলক পেরিয়ে যাবে। আর আগামী বছর ভারতের কাছে বিশ্বের সবচেয়ে বেশি জনসংখ্যার দেশের অবস্থান হারাতে চীন। জাতিসংঘের সাম্প্রতিক এক প্রতিবেদনে এ সম্ভাবনার কথা জানানো হয়েছে। খবর আল-জাজিরার

জাতিসংঘের ডিপার্টমেন্ট অব ইকোনমিক অ্যান্ড সোশ্যাল অ্যাফেয়ার্স আজ সোমবার বৈশ্বিক জনসংখ্যা নিয়ে একটি প্রতিবেদন প্রকাশ করেছে। সংস্থাটির ওয়েবসাইটে প্রকাশিত ‘ওয়ার্ল্ড পপুলেশন প্রসপেক্টস ২০২২’ শীর্ষক প্রতিবেদনে বলা হয়েছে, গত ২০০ বছরে বিশ্বের জনসংখ্যা সাত গুণ বেড়েছে। এমনকি ২০১১ সালেও বিশ্বের জনসংখ্যা ছিল ৭০০ কোটি। গত ১১ বছরে তা আরও ১০০ কোটি বেড়েছে। আগামী ১৫ নভেম্বর বিশ্বের মোট জনসংখ্যা ৮০০ কোটির মাইলফলক ছুঁয়ে যাবে।

প্রতিবেদনে আরও বলা হয়েছে, বিশ্বজুড়ে জনসংখ্যা বৃদ্ধির হার অব্যাহত থাকবে। ২০৩০ সালে তা আরও বেড়ে দাঁড়াতে পারে ৮৫০ কোটিতে। ২০৫০ সালে বিশ্বের জনসংখ্যা দাঁড়াতে পারে ৯৭০ কোটিতে। আর ২১০০ সালে বিশ্বের মোট জনসংখ্যা ১ হাজার ৪০ কোটি হতে পারে বলে পূর্বাভাস দিয়েছে জাতিসংঘ।

বর্তমানে বিশ্বের সবচেয়ে বেশি জনসংখ্যার দেশ চীন। এরপরই ভারতের অবস্থান। তবে আগামী বছর এ অবস্থান বদলে যেতে পারে। জাতিসংঘের প্রতিবেদনে বলা হয়েছে, ২০২২ সাল শেষে ভারতের মোট জনসংখ্যা দাঁড়াতে পারে ১৪১ কোটি ২০ লাখে। আর এ সময় চীনের জনসংখ্যা দাঁড়াবে ১৪২ কোটি ৬০ লাখে। প্রতিবেদনে বলা হয়েছে, আগামী বছর নাগাদ ভারতের জনসংখ্যা চীনকে ছাড়িয়ে যেতে পারে।

আগামী দশকগুলোয় বিশ্বের জনসংখ্যা যা বাড়বে তার অর্ধেকের বেশি হবে ৮টি দেশের। দেশগুলো হলো : কঙ্গো প্রজাতন্ত্র, মিসর, ইথিওপিয়া, ভারত, নাইজেরিয়া, পাকিস্তান, ফিলিপাইন ও তানজানিয়া।



 **prothomalo.com**

সম্পাদক ও প্রকাশক : মতিউর রহমান
স্বত্ব © ২০২৩ প্রথম আলো